

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শৃংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-স্বাপকম/শৃংখলা-১/১-৫৭/২০০৭-৪৬


তারিখঃ ২৬.০১.২০১৪

আদেশ

যেহেতু, ডাঃ নুর হোসেন খন্দকার (কোড নং-৩২৬৭১), সহকারী সার্জন, কারা হাসপাতাল, পটুয়াখালী, পটুয়াখালী থানায় দায়েরকৃত নং-২৭ তারিখঃ- ১৭.১১.২০০৬ মামলার চার্যশীটভুক্ত আসামী হওয়ায় আইন শৃংখলা বাহিনী কর্তৃক গ্রেফতার হয়ে গত ২৭.১১.২০০৬ তারিখ হতে ২৮.১১.২০০৬ তারিখ পর্যন্ত জেল হাজতে গমন করায় বাংলাদেশ সার্ভিস রুলস (পার্ট-১) এর বিধি-৭৩ মোতাবেক সরকারি চাকুরিতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, পটুয়াখালী থানায় দায়েরকৃত মামলা নং-২৭ তারিখঃ- ১৭.১১.২০০৬ এর বিষয়ে বিজ্ঞ চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, পটুয়াখালীর গত ১৩.০৬.২০১৩ তারিখের রায়ে তাকে অনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হয়েছে;

সেহেতু, এক্ষণে তীর সাময়িক বরখাস্ত আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হল এবং তীর সাময়িক বরখাস্তকালীন সময়-কে বিধি মোতাবেক কর্তব্যকাল হিসেবে গণ্য করা হল।

  
(এম. এম. নিয়াজউদ্দিন)  
সচিব


উপ-পরিচালক  
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস  
তেজগাঁও, ঢাকা

নং-স্বাপকম/শৃংখলা-১/১-৫৭/২০০৭- ৪৬/১ (১০)

তারিখঃ ২৬.০১.২০১৪

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা ( আদেশ অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), বরিশাল বিভাগ, বরিশাল
- ৩। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (কম্পিউটারে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হল)
- ৪। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৬। সিভিল সার্জন, পটুয়াখালী
- ৭। প্রোগ্রামার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৮। জেল সুপার, জেলা কারাগার, পটুয়াখালী
- ৯। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, পটুয়াখালী
- ১০। ডাঃ নুর হোসেন খন্দকার (কোড নং-৩২৬৭১), সহকারী সার্জন, কারা হাসপাতাল, পটুয়াখালী

  
(ফারজানা সুলতানা)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৬৬৫৫

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শৃংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.২৮৫.২০১২- ৪১

তারিখঃ ২৬.০১.২০১৪ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ সৈয়দ ইসরার কামাল (৩৬৯৪২), জুনিয়র কনসালটেন্ট, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আশৈলঝাড়া, বরিশাল-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ৩০.১২.২০১২ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.২৮৫.২০১২-১১৮৭নং স্মারক মূলে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;


যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে আপনাকে উল্লিখিত অভিযোগে দোষী সাব্যস্ত করে 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

এক্ষণে, সেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক সরকারি 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করা হবে না, তাঁর কারণ এ বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এই সাথে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ পাতা

  
(এ. এম. বদরুদ্দোজা)  
অতিরিক্ত সচিব


ডাঃ সৈয়দ ইসরার কামাল (৩৬৯৪২)  
জুনিয়র কনসালটেন্ট (অর্থো)  
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আশৈলঝাড়া, বরিশাল  
স্থায়ী ঠিকানাঃ- পিতা- মৃত এস এম সানোয়ার, গোকর্ণ, ডাকঘর-গোকর্ণ,  
উপজেলা-নাসিরনগর, জেলা-বি-বাড়ীয়া)

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.২৮৫.২০১২- ৪৮(২) (৪)

তারিখঃ ২৬.০১.২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)
- ৩। সিভিল সার্জন, বরিশাল (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানায় জারিপূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল)
- ৪।  সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)

  
(ফারজানা সুলতানা)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৬৬৫৫  
[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শৃংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.১৫৪.০১.০০.১১৪.২০১২-২০১৬

তারিখঃ ১৫.১২.২০১৩ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু, ডাঃ মোঃ রেজাউল করিম (১১১২৯৮), সহকারী সার্জন (প্যাথলজি), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হোমনা, কুমিল্লা (প্রাক্তন প্রভাষক (এনাটমি), এম এ জি ওসমানী মেডিকেল কলেজ, সিলেট) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং জবাব ও ব্যক্তিগত শুনানী সন্তোষজনক বিবেচিত না হওয়ায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ রেজাউল করিম (১১১২৯৮), সহকারী সার্জন (প্যাথলজি), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হোমনা, কুমিল্লা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য, তদন্তকারী কর্মকর্তার মতামত এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা পূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমাতে 'তিরস্কার' শাস্তি আরোপ করা হল।

(এ. এম. বদরুদ্দোজা)  
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস

তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.১৫৪.০১.০০.১১৪.২০১২-২০১৬/১২২

তারিখঃ ১৫.১২.২০১৩ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৪। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৫। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৬। সিভিল সার্জন, কুমিল্লা
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৮। সিনিয়র সহকারী সচিব (পার-৫), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১০। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হোমনা, কুমিল্লা
- ১১। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, হোমনা, কুমিল্লা
- ১২। ডাঃ মোঃ রেজাউল করিম (১১১২৯৮), সহকারী সার্জন (প্যাথলজি), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হোমনা, কুমিল্লা

(ফারজানা সুলতানা)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৬৬৫৫

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)